


# যুগান্তর

ভর্তি পরীক্ষায় শিক্ষার্থীদের দিয়ে ডিউটি

## রাবি প্রক্টরের বিরুদ্ধে তদন্ত শেষ হয়নি ৮ মাসেও

প্রকাশ : ২৬ জুন ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) নিয়মবহির্ভূতভাবে ভর্তি পরীক্ষার হলে ‘সহায়ক কর্মচারী সাজিয়ে’ শিক্ষার্থী পাঠানোর ঘটনায় প্রক্টরের বিরুদ্ধে গঠিত তদন্ত কমিটি আট মাসেও প্রতিবেদন জমা দেয়নি। ফলে আলোচিত ওই ঘটনার এখনও সুরাহা করতে পারেনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। শিক্ষক-শিক্ষার্থীরা বলছেন, বিষয়টি এড়িয়ে যাওয়ার জন্য তদন্তে দীর্ঘ সময় নিচ্ছে কমিটি। তবে কমিটির আহ্বায়কের দাবি, দ্রুতই প্রতিবেদন জমা দেবে তারা।

গত বছরের ২৫ অক্টোবর ২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় দ্বিতীয় ও তৃতীয় বিজ্ঞান ভবনে ‘সহায়ক কর্মচারী সাজিয়ে’ গণিত বিভাগের তিন শিক্ষার্থীকে দায়িত্বে পাঠায় প্রক্টর অধ্যাপক ড. মো. লুৎফর রহমান। অন্য পরীক্ষাতেও আরও কয়েকজন শিক্ষার্থীকে দিয়ে দায়িত্ব পালন করার অভিযোগ ওঠে তার বিরুদ্ধে। ঘটনাটি জানাজানি হলে সমালোচনার মুখে পড়েন প্রক্টর। ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস ও অনিয়মের সুযোগ তৈরির শঙ্কায় উদ্বেগ জানান সিনিয়র শিক্ষকরা। সেসময় প্রক্টর দাবি করেন, ‘ওই ছাত্ররা গরিব হওয়ায় তাদের দিয়ে কাজ করিয়ে কিছু টাকা দেয়া হয়েছে। কোনো অসৎ উদ্দেশ্যে এটা করা হয়নি।’

পরে বিশ্ববিদ্যালয়ের ৪৭তম সিন্ডিকেট সভায় কোষাধ্যক্ষ অধ্যাপক একেএম মোস্তাফিজুর রহমান আল আরিফকে আহ্বায়ক করে তিন সদস্যের কমিটি গঠন করা হয়। তাদেরকে দ্রুত প্রতিবেদন দিতে নির্দেশ দেয়া হয়। তবে প্রথম থেকে কমিটি বিষয়টি নিয়ে তৎপর ছিল না বলে অভিযোগ খোদ প্রশাসনের বেশ কয়েকজন শীর্ষ কর্তার। জানতে চাইলে তদন্ত কমিটির আহ্বায়ক অধ্যাপক মোস্তাফিজুর রহমান বলেন, ‘কাজ চলছে। দ্রুত প্রতিবেদন জমা দেয়া হবে।’ ঠিক কতদিনের মধ্যে তা সম্ভব জানতে চাইলে বিষয়টি এড়িয়ে যান তিনি। তবে কমিটির অন্য একজন সদস্য নাম পরিচয় প্রকাশ না করার শর্তে জানান, বিষয়টি নিয়ে দুই-একবার কথা হয়েছিল। পরে আর কিছু হয়নি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।